



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/31/2022

গভর্নর ক্যাথি হোকল

**নিউ ইয়র্কবাসীদের জন্য 80 মিলিয়নেরও বেশি ওভার-দ্য-কাউন্টার কোভিড-19 টেস্ট কিট বিতরণ করা হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা**

*2021 সালের ডিসেম্বর মাস থেকে এখন পর্যন্ত 81,720,820 টেস্ট কিট বিতরণ করা হয়েছে, যেখানে স্টেটের মোট সংগৃহীত টেস্ট কিটের পরিমাণ 100 মিলিয়নেরও বেশি*

*কোভিড থেকে সুরক্ষিত থাকতে গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের স্টেটজুড়ে হাজার হাজার টিকা কেন্দ্রের যেকোনো একটিতে যাওয়ার জন্য সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন*

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে মহামারী চলাকালীন সময়জুড়ে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখার জন্য এই প্রশাসনের চলমান প্রচেষ্টার অংশ হিসেবে নিউ ইয়র্ক স্টেট এখন পর্যন্ত 80 মিলিয়নেরও বেশি সংখ্যক কোভিড-19 ওভার-দ্য-কাউন্টার টেস্ট কিট বিতরণ করেছে। ঘরে বসে দ্রুত পরীক্ষা করার কিটগুলো স্টেটের স্কুল ও নার্সিং হোমগুলোতে নিয়মিতভাবে সরবরাহ করা হচ্ছে।

"কোভিড-19 এ আক্রান্ত ব্যক্তিকে শনাক্ত করা এবং এই ভাইরাসের বিস্তার সীমিত রাখার জন্য পরীক্ষা করা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে রয়ে গেছে" **বলেছেন গভর্নর হোকল।** "আমরা ইতোমধ্যে নিউ ইয়র্কবাসীদের জন্য 80 মিলিয়নেরও বেশি কোভিড-19 টেস্ট কিট বিতরণ করেছি, এবং আমরা ভবিষ্যতের জন্য আমাদের প্রস্তুতি জোরদার করা, আমাদের কমিউনিটিগুলোকে নিরাপদ রাখা, এবং এই মহামারীর মধ্য দিয়ে নিরাপদে সামনে এগিয়ে যাওয়া অব্যাহত রাখবো।"

যদিও বাড়িতে করার পরীক্ষা ব্যবস্থা আক্রান্ত সনাক্তকরণ এবং কোভিডের বিস্তার রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে, গভর্নর হোকল এবং কমিশনার ব্যাসেট এবং ব্রে নিউ ইয়র্কবাসীকে টিকা গ্রহণ এবং বুস্টার গ্রহণের তাগিদ দিচ্ছেন যা হলো কোভিড-19 এর থেকে সুরক্ষা পাওয়ার সেরা পদ্ধতি। [স্টেটের বিনামূল্যে টিকা গ্রহণের সাইটগুলো](#) খোলা রয়েছে এবং CDC-এর সম্প্রতি সম্প্রসারণকৃত নির্দেশনা অনুযায়ী 50 বছর ও তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের দ্বিতীয় একটি বুস্টার ডোজ গ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে।

**স্বাস্থ্য বিভাগের (Department of Health) কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন,** "গভর্নর হোকল, স্টেটের স্বাস্থ্য বিভাগ এবং আমি সব নিউ ইয়র্কবাসীকে অসুস্থ বোধ করলে অথবা

ভাইরাসের সংস্পর্শে আসার সম্ভাবনা থাকলে - যেমন ভ্রমণের পর বা কোনো অনুষ্ঠানে অংশ নেওয়ার পর - পরীক্ষা করানোর জন্য এবং পরীক্ষার ফলাফল পজিটিভ হলে চিকিৎসার উপযুক্ততা সম্পর্কে আলোচনা করতে অবিলম্বে একজন স্বাস্থ্য সেবা প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি। এছাড়াও নিউ ইয়র্কবাসীদের উচিত তাদের প্রাথমিক কোভিড-19 এর টিকার সিরিজ সম্পন্ন করে ফেলা এবং উপযুক্ত হলে বুস্টার ডোজ গ্রহণ করা, কারণ টিকা গ্রহণ করা এখনো গুরুতর অসুস্থতা ও হাসপাতালে ভর্তি হওয়া থেকে সুরক্ষার সেরা উপায়।"

### **ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর কমিশনার জ্যাকি ব্রে**

**বলেন,** "গভর্নর হোকলের নেতৃত্বের কল্যাণে নিউ ইয়র্কে রয়েছে দেশের অন্যতম সবচেয়ে শক্তিশালী টেস্ট কিট বিতরণ নেটওয়ার্ক। নিউ ইয়র্কবাসীদের কাছে টেস্ট কিট পৌঁছে দেওয়ার জন্য সর্বক্ষণ কাজ করে যাওয়া এই প্রশাসনের কর্মীদের জন্য এটি একটি উল্লেখযোগ্য মাইলফলক। একসঙ্গে আমরা এই ভাইরাসের বিস্তার সীমিত করতে এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে কাজ করে যাচ্ছি।"

ডিসেম্বরের শেষ দিক থেকে, নিউ ইয়র্ক জুড়ে স্কুল, নার্সিং হোম ও প্রাপ্তবয়স্কদের সেবাকেন্দ্র, স্থানীয় সরকার এবং অধিকতর বিস্তৃত বিতরণের জন্য নির্দিষ্ট কিছু অলাভজনক সংস্থার পাশাপাশি নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটির (New York City Housing Authority) কাছে এবং বিভিন্ন ফুড ব্যাংকে মোট 81,720,820 টেস্ট কিট বিতরণ করা হয়েছে। ইতোপূর্বে গভর্নর হোকল ঘোষণা দিয়েছিলেন যে কোভিড-19 এর নতুন আক্রান্তদের শনাক্ত করা এবং বিস্তার সীমিত করার জন্য স্টেটজুড়ে বিতরণের উদ্দেশ্যে 100 মিলিয়নেরও বেশি ঘরে বসে পরীক্ষা করার কিট সংগ্রহ করা হয়েছে।

সংগৃহীত এই 100 মিলিয়নেরও বেশি টেস্ট কিটের মধ্যে প্রায় 20 মিলিয়ন টেস্ট কিট এবছরের পরবর্তী সময়ে যেকোনো সম্ভাব্য সংক্রমণ বৃদ্ধি মোকাবেলার জন্য প্রস্তুতি নিতে সাহায্য করার জন্য মজুদ রাখা হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418